যুগান্তর

তারিখ 22 MAR 2016

পৃষ্ঠা ১৭ কলাম ৬

স্টুডেন্ট কেবিনেট নির্বাচন

# মেহেরপুরে ৩ স্কুলকে শোকজ

**মেহেরপুর প্রতিনিধি**

স্টুডেন্ট কেবিনেট নির্বাচন না করার কারণে মেহেরপুর জেলা শহরের সরকারি তিনটি স্কুলকে শোকজ নোটিশ পাঠিয়েছে মেহেরপুর জেলা শিক্ষা অফিস। তবে উৎসবের মধ্যে দিয়ে সারা দেশের মতো মেহেরপুর জেলার ১১৩টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৩০টি মাদ্রাসায় স্টুডেন্ট কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচন না করা বিদ্যালয় তিনটি হচ্ছে মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়, মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় ও কবি নজরুল শিক্ষা মঞ্জিল। এ ব্যাপারে সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুভাষচন্দ্র ওঝা বলেন, বিদ্যালয়টি এসএসসি পরীক্ষার কেন্দ্র ছিল। সে কারণে ছাত্রীদের জানানো সম্ভব হয়নি। এ বিষয়ে শিক্ষা অফিসকে জানানো হয়েছে ৩১ মার্চের মধ্যে স্টুডেন্ট কেবিনেট নির্বাচন সম্পন্ন করা হবে। একই দোহাই দিয়ে দু'একদিনের মধ্যে নির্বাচন করা হবে বলে জানালেন সরকারি উচ্চ বিদ্যালয়ের সিনিয়র সহকারী শিক্ষক মোজাম্মেল হক।